২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ১০ম সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : শনিবার, ১০ এপ্রিল ২০১০

সময় : বিকাল ৬:০০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	কোষাধ্যক্ষ
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ২৮ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ এবং এসোসিও মাল্টিল্যাটারাল ট্রেড ভিজিট ২০১০ পর্যালোচনা
৪. এফবিসিসিআই-এ প্রতিনিধি নির্বাচন ও চাঁদা পরিশোধ
৫. আইবিপিসি'র সাথে যৌথ কর্মকাণ্ড
৬. আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম
৭. বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ এবং বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১
৮. চীফ অপারেটিং অফিসার এর পদত্যাগপত্র গ্রহণ ও নতুন চীফ অপারেটিং অফিসার নিয়োগ
৯. সমিতির চলতি দায়িত্ব বণ্টন
১০. সমিতিতে সদস্যতা প্রসঙ্গে
১১. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ২৮ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি ২৮ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী আজকের

সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ২৮ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

২৯ মার্চ ০৯ এপ্রিল ২০১০

৩০ মার্চ সভাপতি আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিউটিউটে বাংলাদেশের ভাষাবৈচিত্র্য রক্ষা বিষয়ক একটি গোলটেবিলে যোগ দেন। এছাড়া তিনি ৩১ মার্চ- ০৩ এপ্রিল সময়কালে বিসিএস ডিজিটাল এক্সপো ও এসোসিও মাল্টিল্যাটারাল ট্রেড ভিজিটের বিভিন্ন কাজে অংশগ্রহণ করেন। ৬ এপ্রিল ২০১০ সভাপতি আইসিটি পলিস রিভিউ বিষয়ক একটি কর্মশালায় যোগ দেন। ৮ এপ্রিল ২০১০ সভাপতি সুবর্ণগ্রাম নামক একটি সংগঠন আয়োজিত নারায়ণগঞ্জে একটি সাংবাদিক সম্মেলনে যোগ দেন এবং সোনারগাঁও-এর বাণীনাথপুর ও মায়াদ্বীপ নামক দুটি গ্রামকে ডিজিটাল গ্রাম হিসেবে গড়ে তোলার ঘোষণা প্রদান করেন। তিনি সোনারগাঁয়ে দুই বছরের মধ্যে তথ্যপ্রযুক্তি পল্লী স্থাপনের ঘোষণাও প্রদান করেন। ৯ এপ্রিল ২০১০ সভাপতি খুলনার জিয়া হলে আইডিইই আয়োজিত ডিজিটাল বাংলাদেশ বিষয়ক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

আলোচ্যসূচি-৩ : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ এবং এসোসিও মাল্টিল্যাটারাল ট্রেড ভিজিট ২০১০ পর্যালোচনা

আলোচনা : আলোচ্যসূচির উপর আলোচনার সূত্রপাত করে বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর প্রদর্শনী সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করার জন্য বিসিএস-এর সভাপতি ও অন্যান্য পরিচালকবৃন্দ, বিভিন্ন উপ-কমিটির সদস্যবৃন্দ, স্পন্সরসমূহ, প্রদর্শনকারী প্রতিষ্ঠানসমূহ, সমিতির সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট অন্যান্যদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রধান অতিথি, বিশেষ অতিথি, প্রদর্শনীর আহবায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর-সহ উক্ত প্রদর্শনী আয়োজনে যেসব সম্মানিত ব্যক্তিবর্গ, প্রতিষ্ঠান ও সংগঠন দিকনির্দেশনা, উৎসাহ ও সহায়তা প্রদান ইত্যাদির মাধ্যমে এ প্রদর্শনী সফলভাবে আয়োজনে ভূমিকা রেখেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জানিয়ে আনুষ্ঠানিক পত্র প্রদানের জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় প্রস্তাব উত্থাপন করেন। সভাপতি এসোসিও মাল্টিল্যাটারাল ট্রেড ভিজিট ২০১০-এ আগত সম্মানিত অতিথিবৃন্দ এবং সংশ্লিষ্ট অন্যান্যদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর প্রস্তাব করেন, অনতিবিলম্বে প্রদর্শনীর সকল স্পন্সর এবং স্যুভেনিরে ও প্রদর্শনীস্থলে বিজ্ঞাপনদাতাদের নিকট থেকে পাওনা আদায় করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং যেসব প্রতিষ্ঠান ও কোম্পানি বিসিএস ডিজিটাল

এক্সপো ২০১০ আয়োজনে সহায়তা এবং সেবা প্রদান করেছে, যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করে যত দ্রুত সম্ভব তাদের পাওনা পরিশোধের ব্যবস্থা করতে হবে। এসব প্রস্তাবে সকলে একমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত :

- প্রধান অতিথি, বিশেষ অতিথি, প্রদর্শনীর আহবায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর-সহ উক্ত প্রদর্শনী আয়োজনে যেসব সম্মানিত ব্যক্তিবর্গ, প্রতিষ্ঠান ও সংগঠন দিকনির্দেশনা, উৎসাহ ও সহায়তা প্রদান ইত্যাদির মাধ্যমে 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' এবং 'এসোসিও মাল্টিল্যাটারাল ট্রেড ভিজিট ২০১০' সফলভাবে আয়োজনে ভূমিকা রেখেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জানিয়ে আনুষ্ঠানিক পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- অনতিবিলম্বে প্রদর্শনীর সকল স্পন্সর এবং স্যুভেনির ও প্রদর্শনীস্থলে বিজ্ঞাপনদাতাদের নিকট থেকে পাওনা আদায় করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- যেসব প্রতিষ্ঠান ও কোম্পানি বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজনে সহায়তা এবং সেবা প্রদান করেছে, যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করে যত দ্রুত সম্ভব তাদের পাওনা পরিশোধের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৪ : এফবিসিসিআই-এ প্রতিনিধি নির্বাচন ও চাঁদা পরিশোধ

আলোচনা : সভাপতি সভায় অবহিত করেন, বিগত ২২ মার্চ ২০১০ তারিখে এফবিসিসিআই ২০১০ সালের বার্ষিক চাঁদা ২৫,০০০(পঁচিশ হাজার) টাকা পরিশোধ এবং ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ মেয়াদকালের নির্বাচনে বাংলাদেশ কম্পিউটার সমিতির পক্ষ ৫ জন প্রতিনিধির নাম প্রেরণ করার জন্য পত্র দিয়েছে। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চান। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত ৫ জন প্রতিনিধির নাম প্রস্তাব করা হয়:

নাম	**কার্যনির্বাহী কমিটিতে পদবি**
জনাব মোস্তাফা জব্বার	সভাপতি
জনাব কাজী আশরাফুল আলম	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	যুগ্ম-মহাসচিব

সিদ্ধান্ত :

- এফবিসিসিআই এর ২০১০ সালের বার্ষিক চাঁদা ২৫,০০০(পঁচিশ হাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।
- এফবিসিসিআই-এর ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ মেয়াদকালের নির্বাচনে বাংলাদেশ কম্পিউটার সমিতির পক্ষ থেকে নিম্নলিখিত ৫ জন প্রতিনিধিত্ব করার সিদ্ধান্ত গৃহীত হয়:

নাম	**কার্যনির্বাহী কমিটিতে পদবি**

জনাব মোস্তাফা জব্বার	সভাপতি
জনাব কাজী আশরাফুল আলম	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	যুগ্ম-মহাসচিব
জনাব মোঃ আক্তারুজ্জামান	কোষাধ্যক্ষ

আলোচ্যসূচি-৫ : আইবিপিসি'র সাথে যৌথ কর্মকাণ্ড

আলোচনা : সভাপতি সভায় অবহিত করেন, বিগত ২ মার্চ ২০১০ তারিখে আইবিপিসি'র কার্যনির্বাহী কমিটির সভায় বিসিএস-এর পুনর্বিন্যাসকৃত কর্মকাণ্ড অনুসারে বাগেরহাট ও সুনামগঞ্জে অ্যাওয়ারনেস প্রোগ্রাম এবং ঢাকায় সদস্যদের প্রশিক্ষণের ২টি প্রোগ্রাম আগামী মে মাসের মধ্যেই আয়োজন করার জন্য সংশ্লিষ্ট পরিচালকদের অনুরোধ করেন। বাগেরহাটে আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রামের সমন্বয়কারী জনাব কাজী আশরাফুল আলম ৮ মে ২০১০, সুনামগঞ্জে আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রামের সমন্বয়কারী জনাব মোঃ শাহিদ-উল-মুনীর ১৬ মে ২০১০ এবং ঢাকায় সদস্যদের প্রশিক্ষণ প্রোগ্রামের সমন্বয়কারী জনাব মজিবুর রহমান স্বপন ২৪-২৫ মে ২০১০ ও ২৬-২৭ মে ২০১০ প্রোগ্রামগুলো আয়োজনের প্রস্তাব ব্যক্ত করেন। অ্যাওয়ারনেস প্রোগ্রামগুলো বাংলাদেশ কম্পিউটার সমিতির শাখা কমিটিগুলোর সহায়তায় আয়োজনের জন্যও প্রস্তাব করা হয়।

সিদ্ধান্ত : বাগেরহাটে আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম ৮ মে ২০১০, সুনামগঞ্জে আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম ১৬ মে ২০১০ এবং ঢাকায় সদস্যদের জন্য দুইটি প্রশিক্ষণ প্রোগ্রাম ২৪-২৫ মে ২০১০ ও ২৬-২৭ মে ২০১০ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এই কর্মকাণ্ডে সিলেট ও খুলনা কমিটিকে যুক্ত করারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি-৬ : আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম

আলোচনা : সভাপতি সভায় অবহিত করেন, বাংলাদেশ কম্পিউটার সমিতির সাথে যৌথভাবে আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম আয়োজনের অর্থায়নে মোবাইল ফোন কোম্পানী 'রবি' আগ্রহ প্রকাশ করেছে। এ ব্যাপারে তিনি একটি প্রস্তাবনা মোবাইল ফোন কোম্পানী 'রবি'-তে পাঠানোর অভিমত ব্যক্ত করেন। এতে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : মোবাইল ফোন কোম্পানী 'রবি'-তে যৌথভাবে আইসিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম আয়োজনের একটি প্রস্তাবনা পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৭ : বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ এবং বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১

আলোচনা : সভাপতি বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০, বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১১ এবং বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১ আয়োজনের ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চান। পরিচালকবৃন্দ উক্ত তিনটি প্রদর্শনী বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজনের পক্ষে তাদের সম্মতি ব্যক্ত করেন এবং মেলার ভেন্যু প্রাপ্যতা সাপেক্ষে তারিখ নির্ধারন করার জন্য মতামত প্রদান করেন।

সিদ্ধান্ত : ভেন্যু প্রাপ্যতা সাপেক্ষে তারিখ নির্ধারন করে বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০, বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১১ এবং বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১ আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৮ : চীফ অপারেটিং অফিসার এর পদত্যাগপত্র গ্রহণ ও নতুন চীফ অপারেটিং অফিসার নিয়োগ

আলোচনা : বিগত ২৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে সমিতির চীফ অপারেটিং অফিসার জনাব বীরেন্দ্র নাথ অধিকারী কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্র সভায় উত্থাপন করা হয়। এ ব্যাপারে সমিতির মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন জানান, জনাব বীরেন্দ্র নাথ অধিকারী বিগত ৫ এপ্রিল থেকে অফিসে উপস্থিত হচ্ছেন না। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক চীফ অপারেটিং অফিসার সভাপতির সাথেও কোন কথা বলেননি বলে সভাপতি সভাকে অবহিত করেন। সভাপতির হস্তক্ষেপে বিগত ৭ এপ্রিল জনাব বীরেন্দ্র নাথ অধিকারী অফিসে এসে তাঁর ব্যবহৃত ল্যাপটপ, প্রয়োজনীয় দলিল ইত্যাদি মহাসচিবের কাছে হস্তান্তর করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে পরিচালকবৃন্দ পদত্যাগকারীকে বাদ দিয়ে বিসিএস-এর অফিস পরিচালনা করার পক্ষে মত প্রদান করেন। তারা অনতিবিলম্বে বিডিজবস.কম থেকে চীফ অপারেটিং অফিসার পদের জন্য প্রাপ্ত আবেদনপত্রগুলো যাচাই-বাছাই ও ইন্টারভিউ প্রক্রিয়ার মাধ্যমে মূল্যায়ন করে নতুন নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার পক্ষে মত প্রকাশ করেন। এজন্য নিম্নলিখিত ৫ সদস্যবিশিষ্ট ইন্টারভিউ বোর্ড গঠনের প্রস্তাব করা হয়:

১. জনাব মোস্তাফা জব্বার
সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি
২. জনাব মজিবুর রহমান স্বপন
মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি
৩. জনাব এস, এম, ইকবাল
ব্যবস্থাপনা পরিচালক, টেকভিশন সিস্টেমস এন্ড সলিউশন্স লি:
৪. জনাব মো: মঈনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক, টেকভ্যালী কম্পিউটারস লি:
৫. জনাব কামরুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক, মাসনুনস লিঃ

সিদ্ধান্ত :

- সমিতির চীফ অপারেটিং অফিসার জনাব বীরেন্দ্র নাথ অধিকারী অফিসে অনুপস্থিত থাকায় তাকে বাদ দিয়ে বিসিএস অফিস পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- নতুন চীফ অপারেটিং অফিসার নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নিম্নলিখিত ৫ সদস্যবিশিষ্ট ইন্টারভিউ বোর্ড গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

১. জনাব মোস্তাফা জব্বার
সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি
২. জনাব মজিবুর রহমান স্বপন
মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি
৩. জনাব এস, এম, ইকবাল
ব্যবস্থাপনা পরিচালক, টেকভিশন সিস্টেমস এন্ড সলিউশন্স লি:
৪. জনাব মো: মঈনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক, টেকভ্যালী কম্পিউটারস লি:
৫. জনাব কামরুল ইসলাম

ব্যবস্থাপনা পরিচালক, মাসনুনস লিঃ

আলোচ্যসূচি-৯ : সমিতির চলতি দায়িত্ব বন্টন

আলোচনা : মহাসচিব সভায় অবহিত করেন, তিনি বিগত ৮ এপ্রিল ২০১০ তারিখে বাংলাদেশ কম্পিউটার সমিতির সকল কর্মকর্তাদেরকে নিয়ে চিফ আপারেটিং অফিসারের শুন্যতার মাঝে কি ভাবে সমিতির কার্যক্রম চালু রাখা হবে, এই বিষয়ে এক জরুরী সভা করেছেন। মহাসচিব চিফ আপারেটিং অফিসারের নতুন নিয়োগের পূর্ব পর্যন্ত সমিতির কর্মকর্তাদের চলতি দায়িত্ব বন্টনের একটি তালিকা সভায় উপস্থাপন করেন । এই চলতি দায়িত্ব মহাসচিবের সরাসরি তত্ত্বাবধানে এবং সিনিয়র অফিসার মো: তোজাম্মেল উদ্দীন শিকদার কিরনের সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন হবে।

সিদ্ধান্ত : নতুন চিফ অপারারেটিং অফিসারের নিয়োগের পূর্ব পর্যন্ত সমিতির চলতি দায়িত্ব মহাসচিবের সরাসরি তত্ত্বাবধানে এবং সিনিয়র অফিসার মো: তোজাম্মেল উদ্দীন শিকদার কিরনের সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-১০ : সমিতিতে সদস্যতা প্রসঙ্গে

আলোচনা :
- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন শেষে ওয়ার্ল্ড নেট কম্পিউটার, অর্পানেট, নাথ কম্পিউটার, বাবর কম্পিউটার, পোলাইট কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং, ঢা টমেটু প্রাইভেট লি:, মাল্টিভিউ কম্পিউটার, একটিভ কম্পিউটারস এন্ড ইঞ্জিনিয়ার্স, সাম-টেক এবং এলাইন বিজনেস কানেকশনস (বিডি) লি:- মোট ১০টি কোম্পানির সমিতিতে সদস্যপদ আবেদনপত্র সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত কোম্পানিগুলোর সমিতিতে সদস্যপদ অনুমোদনে সায় প্রদান করেন।

সিদ্ধান্ত :
- সমিতিতে নিম্নলিখিত ১০ টি কোম্পানির সদস্যপদ অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়:

কোম্পানির নাম	সদস্য নং
ওয়ার্ল্ড নেট কম্পিউটার	৭৫৭
অর্পানেট	৭৫৮
নাথ কম্পিউটার	৭৫৯
বাবর কম্পিউটার	৭৬০
পোলাইট কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং	৭৬১
ঢা টমেটু প্রাইভেট লি:	৭৬২
মাল্টিভিউ কম্পিউটার	৭৬৩
একটিভ কম্পিউটারস এন্ড ইঞ্জিনিয়ার্স	৭৬৪
সাম-টেক	৭৬৫
এলাইন বিজনেস কানেকশনস (বিডি) লি:	৭৬৬

আলোচ্যসূচি-১১ : বিবিধ

আলোচনা : সভায় বিবিধ পর্যায়ে কোন আলোচ্যসূচি ছিলো না।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি